



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬৯/২০১৬/ ১৫১২৬

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

আমুয়া চাঁদ মিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: আমুয়া, উপজেলা: কাঠালিয়া, জেলা: ঝালকাঠি-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১১-০১-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিত্রাফিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার অ্যাকাডেমিক ও প্রশাসনিক ভবন নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণের পাশাপাশি মাদরাসার যোগাযোগের সড়কটি স্থানীয় জনপ্রতিনিধির মাধ্যমে চলাচলের উপযোগী করতে হবে;
২. মাদরাসার ফাজিল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং ক্লাসে উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে এবং মাদরাসার সকল স্তরের শিক্ষার্থীদের সহিহ-শুদ্ধভাবে পবিত্র কোরআন তেলাওয়াত শিক্ষা দিতে হবে;
৩. মাদরাসার শিক্ষার্থীদের ইসলামি মূল্যবোধ ও নৈতিক শিক্ষার পাশাপাশি আধুনিক তথ্য প্রযুক্তির শিক্ষা নিশ্চিত করতে হবে এবং মাদরাসার শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ এবং তথ্য প্রযুক্তির প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে;
৪. মাদরাসার লাইব্রেরিকে আরো যুগোপযোগী এবং বিভিন্ন ধরনের পুস্তক দিয়ে সমৃদ্ধ করার পাশাপাশি মাদরাসার শিক্ষার্থীদের জন্য লাইব্রেরি কার্ড চালু করত: বই বিতরণ করতে হবে এবং বিতরণ রেজিস্টার চালু করতে হবে;
৫. ক্যাম্পাসের অবশিষ্ট বাড়িভারী ওয়াল নির্মাণসহ মাদরাসায় রোভার স্কাউট ও বিএনসিসি দল গঠন করতে হবে এবং মাদরাসার বিজ্ঞানাগার আরো আধুনিক ও ব্যবহার উপযোগী করার পাশাপাশি মাদরাসার বাৎসরিক সকল আয়-ব্যয় গভর্নিং বডিতে অনুমোদন করতে হবে;
৬. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে এবং প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৭. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্ট্রার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৯. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আড়িনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে মাদরাসার সকল অ্যালামনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
১০. মাদরাসার সাইনবোর্ড, প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে এবং অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহমাদ)

মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, আমুয়া চাঁদ মিয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: আমুয়া, উপজেলা: কাঠালিয়া, জেলা: ঝালকাঠি।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬৯/২০১৬/ ১৫১২৬(০৭)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, আমুয়া চাঁদ মিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: আমুয়া, উপজেলা: কাঠালিয়া, জেলা: ঝালকাঠি।
৭. অফিস নথি।


(আরিফ আহমাদ) 07.10.2026

সহকারী মাদরাসা পরিদর্শক

মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫